

নিরাপত্তা
সুরক্ষার ফাঁসে সলমনের ছবি তুলতেও বাধা
১১

# সংবাদ প্রতিদিন

সঞ্চয়
এসডব্লুপি-র 'অপটিমাম' সুবিধা নেবেন কীভাবে?
৬



sangbadpratidin.in
epratidin.in
৩১ চৈত্র ১৪৩১
৫.০০ টাকা
*
উত্তরবঙ্গ সংস্করণ
সোমবার | ১৪ এপ্রিল ২০২৫
আংশিক মেঘলা সর্বনিম্ন ২৫°/৩৩° সর্বাধিক
১২ পাতা


### মুর্শিদাবাদে বিস্ফোরক অভিযোগ, তদন্তের দাবি

# হামলাবাজদের ঢুকিয়ে অশান্তিতে বিএসএফও?

**স্টাফ রিপোর্টার :** ওয়াকফ বিল নিয়ে মুর্শিদাবাদের কিছু জায়গায় অশান্তির পিছনে গভীর ষড়যন্ত্র রয়েছে। এই ষড়যন্ত্র রীতিমতো বড় প্লটের এবং বাংলাকে অস্থির করার নির্দিষ্ট টার্গেট নিয়ে। এলাকা থেকে একাধিক মারাত্মক অভিযোগ পেয়ে গোটা বিষয়টায় রবিবার যথাযথ তদন্তের দাবি করেছে তৃণমূল কংগ্রেসও। সূত্রের খবর, এলাকা থেকে একাধিক মহলের অভিযোগ, বিল নিয়ে সংখ্যালঘুদের ক্ষোভের সুযোগ নিয়ে অঙ্ক কষে বড়সড় চিত্রনাট্য করা হয়েছে। এর সঙ্গে কেন্দ্রের একাধিক এজেন্সি, তাদের সোর্স, বিএসএফের একাংশ, দুটি রাজনৈতিক দলের কিছু নেতা এবং একটি বিপজ্জনক সংগঠনের শাখা জড়িত। এমন অভিযোগও এসেছে, বিএসএফের পোশাকে সেদিন অন্য সংগঠনের কিছু লোককে দেখা গিয়েছে। গুলি চালিয়ে পরিস্থিতি ঘোলাটে করা হয়েছে। তার পর বিএসএফের একাংশের সহযোগিতায় সীমান্ত প্রহরা শ্লথ করে দিয়ে বাছাই হামলাবাজদের ঢুকিয়ে বড়সড় অশান্তি করে তার পর আবার তাদের ফেরার নিরাপদ ব্যবস্থা করে দেওয়া হয়েছে। যে কারণে স্থানীয় মানুষ মূল তাণ্ডবকারীদের চিনতে পারছে না। তৃণমূল রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেন, "এই মারাত্মক অভিযোগগুলি ঠিক কি না, তার জন্য অবিলম্বে যথাযথ তদন্ত হওয়া উচিত।" এদিকে, আরও অভিযোগ, এই অশান্তি রাজনৈতিক উদ্দেশ্যে তৈরি করা। এতটাই সাজানো চিত্রনাট্য যে, এর পর বিরোধী রাজনৈতিক দল, মূলত বিজেপির নেতাদের বিবৃতি, কোর্টে কেন্দ্রীয় বাহিনী চাইতে যাওয়ার দাবি সবই এক সূত্রে বাঁধা। তৃণমূল এদিন আরও বলেছে, বিজেপির তরফ থেকে মুর্শিদাবাদের অশান্তি বলে যেসব ছবি পোস্ট করা হচ্ছে, সেগুলি অধিকাংশই বিজেপি শাসিত রাজ্যের অন্য ঘটনার ছবি। তৃণমূল পাল্টা পোস্ট করে সেগুলির পরিচয় জানিয়ে বলেছে, ভুল ছবি পোস্ট করে প্ররোচনা এবং উত্তেজনা ছড়ানোর কাজ করে চলেছে বিজেপি।


মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যে জানিয়ে দিয়েছেন যে, ওয়াকফ বিলের ক্ষতিকারক দিক কখনওই বাংলায় প্রয়োগ হবে না। ১৬ এপ্রিল এ নিয়ে বৈঠকও করবেন মুখ্যমন্ত্রী। এরই প্রেক্ষিতে যারা বিক্ষোভ দেখাচ্ছেন তাঁদের উদ্দেশে তৃণমূল কংগ্রেসের স্পষ্ট বক্তব্য, আপত্তি, প্রতিবাদ বা স্লোগান গণতান্ত্রিক পদ্ধতিতে হোক।



■ পুলিশ কর্তাদের নিয়ে সামশেরগঞ্জে পরিস্থিতি খতিয়ে দেখছেন রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার। রবিবার। —প্রতিদিন চিত্র

পাঁচের পাতায়

## কালীঘাটে আজ চালু স্কাইওয়াক



**স্টাফ রিপোর্টার :** নববর্ষের প্রাক্কালে আজ সন্ধ্যা সাতটায় বহু প্রতীক্ষিত কালীঘাট স্কাইওয়াকের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এরপর প্রতিবারের মতো এবারও পুজো দেবেন মা কালীর চরণে। তার আগে উদ্বোধন করা হবে নবরূপে সজ্জিত কালীঘাট মন্দির ও সংলগ্ন হকার্স কর্নারের। ইতিপূর্বে মমতার উদ্যোগে দক্ষিণেশ্বর মন্দিরে পৌঁছনোর জন্য স্কাইওয়াক তৈরি হয়েছিল। এবার একইরকম কালীঘাটেও। আজকের উদ্বোধনী সভা থেকে বিশিষ্টজনের উপস্থিতিতে ফের সর্বধর্মের বার্তা দেবেন তিনি।

## লোক নেই, উঠল অনশন



**স্টাফ রিপোর্টার :** আচমকাই অনশন তুলে নিলেন চাকরিহারারা। তিনজন চাকরিহারা বৃহস্পতিবার থেকে বিকাশভবনের সামনে অনশনে বসেছিলেন। শনিবার তাঁরা চলে আসেন ধর্মতলায়। কিন্তু সেখানেও চাকরিহারাদের কোনও ভিড় ছিল না। বস্তুত, শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠকের পর চাকরিহারারা আপাতত স্কুলে ফিরে গিয়েছেন। লোক নেই দেখেই রবিবার অনশন প্রত্যাহৃত হয়েছে।

### বাংলাদেশে 'সংবাদ প্রতিদিন'

# পয়লা বৈশাখের মুখে ইউনূসের কপালে ভাঁজ



শীর্ষেন্দু চক্রবর্তী
ঢাকা

ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দর থেকে জাতীয় প্রেস ক্লাব। দূরত্বটা কমবেশি ২০ কিমি। সঙ্গে বাড়তি পাওনা ঢাকার সেই 'বিখ্যাত' জ্যাম।

এক ঘণ্টার পথ যে জ্যামের কৃপায় তিন-চার ঘণ্টাও হয়ে যেতে পারে।

কিন্তু, গত বছরও এমন জ্যাম-রোদের তাপ সহ্য করেই নিজের মতো করে সেজেছিল শহরটা। এবার কিন্তু ছবিটা বেশ অন্যরকম...

ঢাকার নববর্ষে

যে শহরটা বৈশাখের আনন্দে নয়, বরং কোথাও যেন একটা দমবন্ধ করে মুখ বুজে রয়েছে।

মাত্র ২৪ ঘণ্টা বাদে পয়লা বৈশাখ। বৈশাখ মাসের প্রথম দিনটা বরাবারই স্পেশাল এই দেশটায়। সকাল থেকে একাধিক ছোট-বড় সঙ্গীতানুষ্ঠান। রাস্তার নানা প্রান্ত জুড়ে বৈচিত্রময় সব আলপনা। সঙ্গে বহুচর্চিত মঙ্গল শোভাযাত্রা। সকাল থেকেই নানা সাজে সেজে ওঠা মানুষগুলোর সঙ্গে মেতে থাকে শহরটা।

এ সবের প্রস্তুতি তো শুরু হত সপ্তাহখানের আগে থেকেই।

কিন্তু, না। আজ রবিবার। তোড়জোড়ের সেই বহর অনেকটাই কম। নেই বললেই চলে। বরং, উল্টে চোখে পড়ল নিরাপত্তা বাহিনীর তৎপরতা। শহরের নানা প্রান্তে নিরাপত্তা আর পাঁচটা বছরের থেকে এবার বহুগুণ। আসলে জামাতের মতো মৌলবাদী সংগঠনের চোখরাঙানির পরও সুষ্ঠুভাবে বছরের প্রথম দিন কাটানো মুহাম্মদ ইউনূসের সরকারের কাছে যে বড় চ্যালেঞ্জ। তাই তো এবার গোটা দেশে র‍্যাবের ২০২৪টি পিকআপ টহল, ১২২টি মোটর সাইকেল টহল-সহ মোট ৩৪৬টি টহল ও সাদা পোশাকে ৪১৩ জন-সহ মোট ২৪৪৯ জন অতিরিক্ত র‍্যাব সদস্য মোতায়েন থাকছে। যার একটা বড় অংশ থাকছে শুধুমাত্র রাজধানী ঢাকার।

সকাল আটটা নাগাদ ঢাকার হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নামার পর থেকেই যা বেশ ভালোই টের পাওয়া যাচ্ছিল। বেলা যত গড়িয়েছে, শাহবাগ, সোহরাওয়ার্দি উদ্যান, হাতিরঝিল, মানিক মিয়া অ্যাভিনিউ, শিশু অ্যাকাডেমি, রমনা বটমূল-সহ রাজধানীর যে সব জায়গায় বর্ষবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে, সেখানে বেড়েছে পুলিশি টহল। র‍্যাবের বিভিন্ন চেকপোস্ট,

পাঁচের পাতায়





■ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা কেন্দ্রে প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার মূর্তি নতুন করে নির্মাণ হচ্ছে (উপরে)। রমনায় বর্ষবরণের আগে র‍্যাবের নিরাপত্তা রক্ষার প্রস্তুতি। রবিবার। —শীর্ষেন্দু চক্রবর্তী

# ডিজিসহ পুলিশকর্তারা সক্রিয়, ফিরেছে শান্তি

**নিজস্ব সংবাদদাতা, ফরাক্কা:** নবান্নের কড়া বার্তা ও প্রশাসনিক পদক্ষেপ। রাজ্য পুলিশের ডিজির দাঁড়িয়ে থেকে সেকশন ভাগ করে এলাকা ধরে গিয়ে গিয়ে মনিটরিং। মোড়ে মোড়ে কেন্দ্রীয় বাহিনীর পিকেট। নজরদারি। একসঙ্গে দুই পক্ষেরই শান্তি-সম্প্রীতি বজায় রাখার আবেদন। ফলে ছন্দে ফিরছে সামশেরগঞ্জ, সুতি, ফরাক্কা-সহ গত কয়েকদিন অশান্ত মুর্শিদাবাদের বিস্তীর্ণ এলাকা। শনিবার রাত থেকে রবিবার, নতুন করে কোনও গণ্ডগোলের খবর নেই। গণপরিবহণ স্বাভাবিক। তবে এখনও ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখা হয়েছে। জারি রয়েছে একসঙ্গে চারজনের বেশি জড়ো হওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞাও।

রবিবারও রাজ্য পুলিশের ডিজি রাজীবকুমার দফায় দফায় বৈঠক করেন। কীভাবে পরিস্থিতি মোকাবিলা করতে হবে তার নির্দেশিকা দিয়েছেন বিএসএফের বাহিনীর আধিকারিকদেরও। নিজেও বিভিন্ন এলাকায় গিয়েছিলেন তিনি। ফলে এখানকার সাধারণ মানুষ আস্থা ফিরে পেয়েছেন। রবিবার এমনিতে ছুটির দিন থাকায় রাস্তাঘাট ফাঁকা থাকলেও, প্রায় তিনদিন বন্ধ থাকার পর রবিবার বিকেলের পর থেকে কিছু দোকানপাট খুলছে। মানুষ রাস্তায় বেরোচ্ছেন। রাস্তায় সরকারি বাস চলাচল করেছে, তবে যাত্রী কম ছিল। পুলিশ জানিয়েছে, এখনও পর্যন্ত ১৫০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। শুধু সামশেরগঞ্জ এলাকায় ধৃতের সংখ্যা ৬০ ছাড়িয়ে গিয়েছে। ওয়াকফ সংশোধনী আইন প্রত্যাহারের দাবিতে গত কয়েকদিন সুতি, ধুলিয়ান, জঙ্গিপুর উত্তপ্ত হয়ে ওঠে। সেখানকার সাংসদ ও দুই বিধায়কের বাড়িতেও হামলা হয়েছে। ভাঙচুর করে আগুন দেওয়া হয়েছে পুর-অফিস ও পুলিশের ট্র্যাফিক অফিসে। একাধিক গাড়ি পুড়েছে। পুলিশ আক্রান্ত হয়েছে। ইতিমধ্যে মৃত্যু হয়েছে তিনজনের। সামশেরগঞ্জের জাফরাবাদে বাড়িতে ঢুকে পিটিয়ে মারা হয়েছে বাবা ও ছেলেকে। গুলিতে মৃত্যু হয়েছে সুতির কাশিমনগরের এক যুবকের। শনিবারও সামশেরগঞ্জে গুলিতে জখম দুই। স্থানীয়দের দাবি, বিএসএফ গুলি চালিয়েছে। আবার এই প্রশ্নও উঠেছে, বিএসএফের পোশাকে বড় গণ্ডগোল পাকাতে অন্য কেউ বারবার গুলি চালাচ্ছে কি না। নিহত যুবকের পরিবার এই নিয়ে তদন্তের দাবিতে অনড়। পাশাপাশি তাঁদের দাবি, এই জেলাকে অশান্ত করা পিছনে মদত রয়েছে রাজনৈতিক দল এসডিপিআইয়ের।

শনিবার সন্ধ্যায় রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার এলাকার পরিস্থিতির সরেজমিনে খতিয়ে দেখার পর থেকেই পরিস্থিতি স্বাভাবিক হওয়ার ইঙ্গিত মেলে। রবিবার দুপুরে সংবাদমাধ্যমকে ডিজি জানিয়ে দিয়েছেন, মুর্শিদাবাদের পরিস্থিতি স্বাভাবিক। সেই সঙ্গে সাধারণ মানুষকে গুজবে কান না দিয়ে, সর্তক থাকার অনুরোধ করেছেন তিনি। ডিজির সঙ্গেই থাকা জঙ্গিপুর পুলিশ জেলার সুপার আনন্দ রায় জানিয়েছেন, "আগের থেকে পরিস্থিতির অনেকটাই উন্নতি হয়েছে। তবে এলাকায় টহলদারি বজায় থাকবে। জায়গায় জায়গায় মোতায়েন করা হয়েছে কেন্দ্রীয় বাহিনী।" এদিকে সুতি ২ নম্বর ব্লক এলাকায় ব্লক ও পঞ্চায়েতগুলির উদ্যোগে সবাইকে নিয়ে আলোচনা করে শান্ত থাকার আবেদনে কাজ হয়েছে। তারপর থেকে আস্তে আস্তে খুলছে দোকানপাটও। যান চলাচল স্বাভাবিক না হলেও একেবারে বন্ধ নয়।

জঙ্গিপুর পুলিশ সুপার আনন্দ রায় বলেন, "পরিস্থিতির উন্নতি হয়েছে। কোনও সমস্যা হলে ফোন করুন। গুজবে কান দেবেন না।" পুলিশ প্রশাসনকে পাশে পেয়ে এবং তাদের নির্দেশিত পথে ক্রমেই শান্ত হয়েছে এলাকা। বাসিন্দারা মনে করছেন, অশান্তি দমনে প্রশাসন যে ভাবে কাজ করছে, যেভাবে আশঙ্কা দূর করেছে তাতে সপ্তাহের প্রথম কাজের দিন থেকেই একেবারে পরিস্থিতি স্বাভাবিক হয়ে যাবে।



### শান্তি রক্ষা করুন, আবেদন ইমামদের

**কলকাতা :** শান্তিরক্ষার আবেদন জানালেন ইমাম ও মোয়াজ্জেনরা। রবিবার কলকাতার প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকে অল ইন্ডিয়া ইমাম অ্যাসোসিয়েশনের সভাপতি মহম্মদ বাকিবিল্লা জানান, ওয়াকফ আইন নিয়ে যাঁরা আন্দোলন করছেন, তাঁদেরকে খেয়াল রাখতে হবে যে এমন কোনও কাজ তাঁরা করবেন না, যাতে শান্তি বিঘ্নিত হয়।

## এক ঝলক

### রাজ্য সফরে আসতে পারেন প্রধানমন্ত্রী



■ **কলকাতা :** এ মাসেই একদিনের জন্য রাজ্য সফরে আসতে পারেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রবিবার বিজেপির সভা থেকে একথা ঘোষণা করেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মেট্রো রেলের কয়েকটি প্রকল্পের উদ্বোধনের জন্য ২৪ এপ্রিল মোদির কলকাতায় আসার কথা। তবে সরকারিভাবে চূড়ান্ত কিছু জানা যায়নি।

### অন্ধ্রে বাজি কারখানায় বিস্ফোরণ, মৃত আট



■ **হায়দরাবাদ :** রবিবার অন্ধ্রপ্রদেশের আনাকপল্লি জেলার কোটাভুরাতলা এলাকায় একটি বাজি কারখানায় বিস্ফোরণে অন্তত আটজনের মৃত্যু হয়েছে। দুর্ঘটনায় আহত কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। ফলে মৃত্যুর সংখ্যা বাড়তে পারে। কারখানাটি বেআইনি কি না, সে ব্যাপারে পুলিশ কিছু জানায়নি।

### ফের ভূমিকম্পে কাঁপল মায়ানমার



■ **ইয়াঙ্গন :** রবিবার সকালে ফের ভূমিকম্পে কেঁপে উঠল মায়ানমার। স্থানীয় সময় সকাল ৭.৫৪ মিনিটে কম্পনটি অনুভূত হয়। রিখটার স্কেলে এই কম্পনের মাত্রা ছিল ৫.৬। গত ২৮ মার্চ জোরালো ভূমিকম্প হয়েছিল মায়ানমারে। তারপরই আফটার শক হিসাবে বারবার ভূমিকম্প হচ্ছে সেখানে। ২৮ মার্চের ভূমিকম্পে তিন হাজারের মানুষের মৃত্যু হয়েছে। এখনও চারশোর বেশি মানুষ নিখোঁজ। রবিবারের ভূকম্পের ক্ষয়ক্ষতির কথা জানা যায়নি।

# যোগ্যদের তালিকা শিক্ষাদপ্তরে দিল এসএসসি, দ্বিধায় কিছু প্রধানশিক্ষক

**স্টাফ রিপোর্টার :** চাকরিহারা যোগ্যদের নতুন তালিকা রবিবার ই-মেল করে শিক্ষা দপ্তরের কাছে পাঠাল স্কুল সার্ভিস কমিশন। শিক্ষাদপ্তর সূত্রে খবর, যোগ্যদের নামের তালিকা আগে থেকেই এসএসসির কাছে ছিল। কিন্তু সুপ্রিম কোর্টের রায়ে যাঁরা অযোগ্য বলে চিহ্নিত হননি, তাঁদের নামও নতুন তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রায় ১৯ হাজার নাম নতুন তালিকায় রয়েছে। শিক্ষামন্ত্রীর সঙ্গে চাকরিহারাদের বৈঠকেই ঠিক হয়েছিল, যোগ্য ও অযোগ্যদের তালিকা এসএসসি প্রকাশ করে দেবে। তালিকায় সংশ্লিষ্ট চাকরি প্রার্থী ও তাঁদের স্কুলের নাম রয়েছে। এই তালিকা আইনি পরামর্শ নিয়ে প্রকাশ করা হবে বলে শুক্রবার চাকরিহারাদের বৈঠকে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আশ্বাস দিয়েছিলেন। এবার শিক্ষা দপ্তর আইনি পরামর্শ নেবে।

এসএসসির হাতে থাকা যোগ্য ও অযোগ্য শিক্ষকদের তালিকা শিক্ষা দপ্তরের হাতে পৌঁছলেও প্রধান শিক্ষকদের একাংশ এখনও বেতন পোর্টালে চাকরিহারাদের নাম তোলা নিয়ে সংশয় ও দ্বিধা কাটিয়ে উঠতে পারছেন না। রবিবার হাজরার সুজাতা সদনে প্রায় পাঁচশো প্রধান শিক্ষক একটি জরুরি বৈঠকে মিলিত হন। সেখানে ঠিক হয়েছে, প্রধান শিক্ষক, শিক্ষিকারা যোগ্যদের বেতন রিকুইজিশন আইওএসএমএস পোর্টালে আপলোড করবেন। কিন্তু এক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে হবে জেলা বিদ্যালয় পরিদর্শক তথা ডিআইদের। ডিআইদের বিষয়টি তাঁরা চিঠি দিয়ে জানাবেন। সেই চিঠির কপি স্কুল শিক্ষা কমিশনার ও মধ্যশিক্ষা পর্ষদের সভাপতিকে ই-মেল করে পাঠানো হবে। এই প্রধান শিক্ষকদের অভিযোগ, তাঁরা ডিআইদের একাধিকবার লিখিত নির্দেশ দিতে বললেও কোনও সাড়া পাননি। তবে এদিন যে প্রধান শিক্ষকরা সুজাতা সদনে বৈঠকে অংশ নিয়েছিলেন, তাঁদের বাইরেও বড় অংশের প্রধান শিক্ষক রয়েছেন। এঁরা অনেকেই ইতিমধ্যেই পোর্টালে রিকুইজিশন আপলোড করে দিয়েছেন। চাকরিহারাদের সঙ্গে বৈঠকের আগেই শিক্ষামন্ত্রী সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে জানিয়েছিলেন, চাকরিহারাদের বেতন নিয়ে কোনও সমস্যা নেই। তাঁদের বেতন হবে না, এমন প্রশ্ন ওঠাও অবান্তর। এদিন প্রধান শিক্ষকদের বৈঠকে ছিলেন হাই কোর্টের আইনজীবী এবং কয়েকজন বিশেষজ্ঞ। তাঁদের মতামত নিয়েই প্রধান শিক্ষকরা ঠিক করেছেন পরবর্তী পদক্ষেপ।